দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAR 2015
পৃষ্ঠা ১৬ কলাম ১

# পরীক্ষা কেন্দ্র থেকে ২৮টি মোবাইল ফোন জব্দ

■ শাহজাদপুর (সিরাজগঞ্জ) সংবাদদাতা

শনিবার সকালে এসএসসি পরীক্ষা চলাকালীন সময় তালগাছী করতোয়া কলেজ কেন্দ্র থেকে পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার শামীম আহমেদ ২৮টি মোবাইল ফোন জব্দ করেন।

জব্দকৃত মোবাইল ফোনগুলো সবার সামনে কলেজ চত্বরেই আগুন দিয়ে পুড়িয়ে ফেলা হয়। বিষয়টি নিশ্চিত করে কেন্দ্র সচিব চৈতন্য সরকার জানান, এদিন ২৭৭ পরীক্ষার্থী কৃষিশিক্ষা পরীক্ষায় অংশগ্রহণ করে। সবার দেহ তল্লাশি করে ২৮টি মোবাইল ফোন পাওয়া যায়।